গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহঃ রাশেদুল হক প্রধান<br>বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। |
| বিষয় | : | আগস্ট, ২০২৬ মাসে অনুষ্ঠিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সভার কার্যবিবরণী। |
| তারিখ ও সময় | : | ২৩/০৮/২০২৬খ্রি .<br>সকাল -১০.০০ টা। |
| স্থান | : | সার্কিট হাউজ সম্মেলন কক্ষ, লালমনিরহাট। |

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক" তে দেখানো হলো।

জেলা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সভার সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাটকে গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনানোর আহ্বান জানানো হয়। তিনি গত ২৬/০৭/২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে একমত পোষণ করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট দফাভিত্তিক আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের আদালত হতে প্রাপ্ত জুলাই, ২০২৬ মাসের প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রম | আদালতের নাম | পূর্ববর্তী মাস হতে আগত মামলার সংখ্যা | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলা সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলা সংখ্যা | মাস শেষে অনিষ্পন্ন মামলার সংখ্যা | মামলা নিষ্পত্তির হার (অর্জন) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | ৩৪৭ | ৮৭ | ৬৮ | ৩৬৬ | ১৫.৬৭% |
| ০২ | বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট | ৪৪৯ | ১৩৭ | ১১০ | ৪৭৬ | ১৮.৭৭% |

সভায় বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত এবং জেলার সকল বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে বিচারাধীন ফৌজদারী কার্যবিধির আওতাধীন মামলা নিষ্পত্তির লক্ষ্যমাত্রা/প্রমাপ ১৫%। বিগত জুলাই, ২০২৬ মাসে নির্ধারিত এই প্রমাপ (১৫%) সফলভাবে অর্জিত হওয়ায় সভাপতি মহোদয় বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সেই সাথে, বিচারপ্রার্থী জনগণের দ্রুত বিচার নিশ্চিতকল্পে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট আদালতসমূহে চলমান মামলাসমূহের মামলা নিষ্পত্তির এই ইতিবাচক ধারা ও গতিশীলতা ভবিষ্যতেও অব্যাহত রাখার উপর গুরুত্ব আরোপ করেন।


CamScanner

মোবাইল কোর্টের আওতায় দায়েরকৃত আপিল মামলা পর্যালোচনা সংক্রান্ত জুলাই, ২০২৬ মাসের প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রম | আদালতের নাম | পূর্ববর্তী মাস হতে আগত মামলার সংখ্যা | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলা সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মাস শেষে অনিষ্পন্ন মামলার সংখ্যা | মামলা নিষ্পত্তির হার (অর্জন) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | ৩৭ | ০৬ | ০৭ | ৩৬ | ১৬.২৮% |

সভায় মোবাইল কোর্টের আওতায় দায়েরকৃত আপিল মামলার নিষ্পত্তির ধারা অব্যাহত রাখার উপর গুরুত্ব আরোপ করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত:
জুলাই, ২০২৬ মাসের প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রম | মোবাইল কোর্ট/অভিযানের | মামলার সংখ্যা | জরিমানার পরিমাণ | কারাদণ্ড |
|---|---|---|---|---|
| ০১ | ১৫২ টি | ৩৯২ টি | ৪,১০,৬৮৮/- | ১৯৬ জন |

বর্তমানে এ জেলার জন্য মোবাইল কোর্ট অভিযানের প্রমাপ ৪০ টি। প্রমাপের চেয়ে অধিক মোবাইল কোর্ট/অভিযান পরিচালিত হওয়ায় বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে ধন্যবাদ জানানো হয়।

সভায় জানানো হয় যে, যেসকল আইনের অধীনে প্রতি মাসে নিয়মিতভাবে মাসিক প্রতিবেদন দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে, সেসব আইনের আওতায় মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। আইনগত কোনো ত্রুটি বা জটিলতা এড়াতে পরিচালিত মোবাইল কোর্টের মামলার আদেশনামা, জব্দ তালিকা এবং আসামির দোষ স্বীকারোক্তিমূলক জবানবন্দিসহ সংশ্লিষ্ট সকল প্রয়োজনীয় কাগজপত্রাদির সমন্বয়ে নিখুঁত ও আইনসম্মতভাবে নথি প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, GPMS-এর ০৩ (তিন) বছর মেয়াদি কর্মসম্পাদন পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

সভায় সভাপতি মহোদয় অবৈধ ইটভাটার কার্যক্রম, অবৈধ বালু ও পাথর উত্তোলন, লাইসেন্সবিহীন এসিড বিক্রয় ও অপব্যবহার এবং অস্বাস্থ্যকর পরিবেশে হোটেল-রেস্তোরাঁ পরিচালনা প্রতিরোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। পাশাপাশি মৎস্য সম্পদ উন্নয়ন, নিষিদ্ধ জালের ব্যবহার রোধ, সার ব্যবস্থাপনা নিশ্চিতকরণ, হাট-বাজারে অবৈধ দখল উচ্ছেদ এবং অতিরিক্ত টোল আদায় বন্ধে কার্যকর মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন।

উপরোক্ত আলোচনার আলোকে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সভায় গত ২৬ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | সভার সকল সদস্য |
| ০২ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত ও সকল বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে বিচারাধীন ফৌজদারী কার্যবিধির আওতাধীন মামলাগুলো নিষ্পত্তির ক্ষেত্রে নির্ধারিত ১৫% প্রমাপ অর্জন করতে হবে। | ১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।<br>২) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), লালমনিরহাট। |



CamScanner

| | | |
|---|---|---|
| ০৩ | (১) অবৈধ ইটভাটার কার্যক্রম বন্ধে নিয়মিত ও কার্যকর মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে।<br>(২) নজরদারি জোরদারকরণ: জেলার কোথাও যাতে অবৈধভাবে বালু ও পাথর উত্তোলন করতে না পারে, সেজন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ নিয়মিত নজরদারি ও আকস্মিক অভিযান অব্যাহত রাখবেন। প্রাকৃতিক সম্পদ লুণ্ঠনকারী ও সিন্ডিকেটের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনানুযায়ী সর্বোচ্চ জরিমানা, কারাদণ্ড এবং উপকরণ বাজেয়াপ্তসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।<br>২) সহকারী কমিশনার (ভূমি) (সকল), লালমনিরহাট।<br>৩) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), লালমনিরহাট। |
| ০৪ | (১) মোবাইল কোর্টের মামলার আদেশনামা, জব্দ তালিকা এবং দোষ স্বীকারোক্তিসহ প্রয়োজনীয় কাগজপত্রাদির সমন্বয়ে নথি প্রস্তুত করতে হবে।<br>(২) মোবাইল কোর্টের তথ্য ও প্রতিবেদন ই-কোর্ট সিস্টেমে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে।<br>(৩) মাসে প্রতি উপজেলায় কমপক্ষে ০২ (দুই) টি করে টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে। | ১) পুলিশ সুপার, লালমনিরহাট।<br>২) অধিনায়ক, ১৫/৫১/৬১ বিজিবি, লালমনিরহাট।<br>৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।<br>৪) সহকারী কমিশনার (ভূমি) (সকল), লালমনিরহাট।<br>৫) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), লালমনিরহাট। |
| ০৫ | (১) সাইবার ক্রাইম, কিশোর গ্যাং ও অনলাইন জুয়া রোধে জনসচেতনতা-মূলক সভার আয়োজন করতে হবে।<br>(২) মাদক, বাল্যবিবাহ ও ইভটিজিং রোধে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক সভা/উঠান বৈঠক আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। |
| ০৬ | (১) লাইসেন্সবিহীন অবৈধ এসিড বিক্রয় ও অপব্যবহার রোধে এবং বৈধ লাইসেন্সধারীদের শর্তাবলী যাচাইকল্পে এসিড নিয়ন্ত্রণ আইন এর আওতায় নিয়মিত মোবাইল কোর্ট ও বিশেষ অভিযান পরিচালনা করতে হবে।<br>(২) খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা বন্ধ এবং অস্বাস্থ্যকর পরিবেশ প্রতিরোধে বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইনের আওতায় জেলার হোটেল ও রেস্তোরাঁসমূহে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।<br>২) সহকারী কমিশনার (ভূমি) সকল, লালমনিরহাট। |
| ০৭ | (১) মৎস্য সম্পদের উন্নয়ন ও নিষিদ্ধ জালের ব্যবহার বন্ধে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন এর আওতায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>(২) সার ব্যবস্থাপনা আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং আকস্মিক অভিযান পরিচালনা করতে হবে তবে বড় ধরনের গুরুতর অপরাধের ক্ষেত্রে মোবাইল কোর্ট না করে থানায় নিয়মিত ফৌজদারি মামলা দায়ের করতে হবে।<br>(৩) হাট-বাজারের শৃঙ্খলা রক্ষা, অবৈধ দখল উচ্ছেদ এবং অতিরিক্ত টোল আদায় বন্ধে হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) আইন,২০২৩ এর আওতায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।<br>২) সহকারী কমিশনার (ভূমি) সকল, লালমনিরহাট।<br>৩) সহকারী কমিশনার (সকল), লালমনিরহাট |



CamScanner

| | | |
|---|---|---|
| ০৮ | ১) উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) একত্রে ০৮ (আট) টি এবং অন্যান্য বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে এককভাবে মাসে কমপক্ষে ০৫ (পাঁচ) টি করে প্রমাপ অনুযায়ী তফসিলভুক্ত আইনসমূহের উপর মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে।<br>২) উপজেলা পর্যায়ে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখা, ন্যায্য মূল্যে সার ও বীজ সরবরাহ নিশ্চিতকরণ, ভেজাল খাদ্য, নকল এবং মেয়াদোত্তীর্ণ পণ্যের বিরুদ্ধে প্রতিমাসে কমপক্ষে ৩টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করতে হবে।<br>৩) উপজেলা পর্যায়ে মাদকদ্রব্যের অপব্যবহার রোধ ও চোরাচালান প্রতিরোধে প্রতিমাসে কমপক্ষে ৩টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করতে হবে ।<br>৪) উপজেলা পর্যায়ে পরিবেশ দূষণ রোধে প্রতিমাসে কমপক্ষে ৩টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করতে হবে। আইনসমূহ নিম্নরূপঃ<br>(ক) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫;<br>(খ) বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০;<br>(গ) পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০;<br>(ঘ) মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০;<br>(ঙ) শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬;<br>(চ) বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২;<br>(ছ) ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯);<br>(জ) বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ ইত্যাদি।<br>৫) শিশুশ্রম প্রতিরোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br>৬) যে সকল আইনে মোবাইল কোর্টের প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের নির্দেশনা রয়েছে সে সকল গুরুত্বপূর্ণ আইনসহ তফসিলভুক্ত অন্যান্য আইনে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। আইনসমূহ নিম্নরূপঃ<br>(ক) পেট্রোলিয়াম আইন, ২০১৬ (২০১৬ সনের ৩২ নং আইন);<br>(খ) বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০;<br>(গ) পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০;<br>(ঘ) নিরাপদ খাদ্য আইন, ২০১৩;<br>(ঙ) বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪;<br>(চ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫;<br>(ছ) ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (সংশোধিত ২০১৩);<br>(জ) শিশু আইন, ২০১৩; | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।<br>২) সহকারী কমিশনার (ভূমি) (সকল), লালমনিরহাট।<br>৩) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), লালমনিরহাট। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মুহঃ রাশেদুল হক প্রধান)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯-৯৮৬৭৭৭

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

০৮ ভাদ্র ১৪৩৩
স্মারক নং-০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০০১.২১-৯৭৯ (২০) তারিখ: ---------------------
২৩ আগস্ট ২০২৬

**বিষয়ঃ আগস্ট, ২০২৬ মাসে অনুষ্ঠিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো;**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
০৬। উপজেলা নির্বাহী অফিসার,..................................লালমনিরহাট।
০৭। জনাব ........................................................ সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট. লালমনিরহাট।
০৮। জনাব.......................................................................................বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।

২৩/০৮/২৬

(মোছাঃ আফরোজা খাতুন)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯-৯৮৬৮৬৮



CamScanner